

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৮৫.০০২.০১.০০.০১০.২০১৪-৬৮৬

তারিখ : ০৩ অক্টোবর ২০১৭


প্রেরকঃ ড. কে এম কামরুজ্জামান সেলিম
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ,
৮৩/বি, মৌচাক টাওয়ার (১১ তলা)
মালিবাগ মোড়, ঢাকা।

বিষয় : নারায়ণগঞ্জ শহরের রাস্তার কলের পানি মঞ্জুরী খাতের বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তির অর্থ ছাড়করণ।

স্থানীয় সরকার বিভাগের ০৩ অক্টোবর, ২০১৭ তারিখে ৪৬.০৮৫.০০২.০১.০০.০১০.২০১৪-৬৮৬ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী নারায়ণগঞ্জ শহরের পানি মঞ্জুরী (কোড নং-৫৯৬২) বাবদ ঢাকা ওয়াসার অনুকূলে ১ম কিস্তিতে (জুলাই ২০১৭ হতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত) ৪৫,০০,০০০.০০ (পঁয়তাল্লিশ লক্ষ) টাকা ছাড়ে সরকারি মঞ্জুরী নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হল :

- (১) এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটের ৩-৩৭০৫-৩৭৫৯-৫৯৬২ কোডভুক্ত পানি মঞ্জুরী খাত হতে মিটানো হবে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে ;
- (২) অত্র বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে এ অর্থ ওয়াসার পক্ষে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক উত্তোলন করবেন ;
- (৩) বিভাজনকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। অনুমোদিত বিভাজনের এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না ;
- (৪) অব্যয়িত অর্থ থাকলে ৩০ জুন ২০১৮ এর মধ্যে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে অর্থ বিভাগকে অবহিত করতে হবে।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)

উপসচিব

ফোন- ৯৫৪০৩৭০

watersupply_02@yahoo.com

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।